বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
জনসংযোগ বিভাগ

২০ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৭৪তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শোয়েব<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি কোম্পানির ফেব্রুয়ারি, ২০২৩ মাসের/৭৪তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। শুরুতে তিনি সম্প্রতি পদোন্নতি প্রাপ্ত হয়ে অদ্যকার সভায় যোগদানকারী কারিগরি শ্রেণীর ৭জন এবং অর্থ শ্রেণীর ৬জন অর্থাৎ সর্বমোট ১৩জন উপমহাব্যবস্থাপককে সভায় স্বাগত জানান। বর্তমান পদে তাঁরা তাদের নিষ্ঠা এবং কর্মতৎপরতায় কোম্পানির কার্যক্রমে দায়িত্বশীল ভূমিকা রাখবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। কোম্পানি সচিব সভাপতির অনুমতিক্রমে সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণের প্রতি শুভেচ্ছা জানিয়ে ডিসেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | |
| ২.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি এবং Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিতাস ফিল্ডের সার্বিক নিরাপত্তার বিষয়ে উপমহাব্যবস্থাপক (তিতাস) প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করছেন। | কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখতে হবে এবং Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিতাস ফিল্ডের সার্বিক নিরাপত্তার বিষয়ে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ২.২। | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিমত ব্যক্ত করা হয় যে, কোম্পানির উৎপাদিত কনডেনসেট-এর ফ্রাকশনেশন কার্যক্রম না থাকায় নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় জ্বালানি তেল তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পের মাধ্যমে সরবরাহ করা গেলে ব্যয় সাশ্রয় হবে। এ লক্ষ্যে উক্ত ফুয়েল স্টেশনে সংরক্ষণের জন্য বিপিসি-র ডিপো থেকে পেট্রোল ও ডিজেল সংগ্রহ করা যেতে পারে। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জ্বালানি তেল তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পের মাধ্যমে সরবরাহের নিমিত্ত উক্ত ফুয়েল স্টেশনে সংরক্ষণের জন্য বিপিসি-র ডিপো থেকে পেট্রোল ও ডিজেল সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস)/ (এসটিআইসি) |
| ২.৩। | কামতা ফিল্ড: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার থেকে কামতা ফিল্ড পর্যন্ত কোম্পানির প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এর ভূমির মাপ-জোক সম্পাদনের লক্ষ্যে সরকারি আমীনের জন্য জেলা প্রশাসন, গাজীপুর এর সাথে যোগাযোগ করা হচ্ছে। | কামতা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way সংরক্ষণের জন্য সরকারি আমীনের মাধ্যমে ভূমির মাপ-জোক দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(সিজি) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.৪। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-এ, বি এবং সি লোকেশন এবং সকল ফিল্ড ও স্থাপনার গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহ সিসিটিভি-র আওতাভুক্ত করা হয়েছে। পর্যায়ক্রমে বিভিন্ন ফিল্ডে আরও কিছু সিসিটিভি স্থাপন করা হবে। সিসিটিভি স্থাপনের ক্ষেত্রে এগুলোর রক্ষণাবেক্ষণ ব্যয়ের বিষয়টিও বিবেচনায় রাখা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া, পুলিশ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরামর্শ মোতাবেক কোম্পানির সিসিটিভিসমূহের মাধ্যমে আশে-পাশের জনপদসমূহেরও যথাসম্ভব কভারেজ রাখা যেতে পারে। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে।<br><br>এ পর্যন্ত স্থাপিত সিসিটিভির ফিল্ড/ স্থাপনা ভিত্তিক পরিসংখ্যান ও সার্বিক তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>সিসিটিভির রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তথ্য-উপাত্ত পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)<br>এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | |
|---|---|---|---|
| ২.৫। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির মালামাল অবলোপন সংক্রান্ত ৩টি কমিটি গঠন করা হয়েছে। ফলে, কোম্পানির পরিষ্কার-পরিচ্ছন্নতার স্বার্থে বিভিন্ন ফিল্ড/স্থাপনার পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ কমিটি কর্তৃক অপসারণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। আলোচনাকালে পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সদয় বিশেষ তাগিদ রয়েছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক সভার দৃষ্টি আকর্ষণ করেন। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ ভাঙ্গা/ জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অপসারণের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট কমটি |
| ২.৬। | নরসিংদী ফিল্ড : | | |
| | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী-ভৈরব মহাসড়কের লেন বৃদ্ধিকরণ কার্যক্রমে নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের অধিগ্রহণতব্য ভূমির আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে। শিল্প ক্যাটাগরিতে মূল্যায়িত উক্ত ভূমির একুয়াইজিশন পেমেন্ট অচিরেই পরিশোধ করা হতে পারে। | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের একুয়াইজিশন পেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে কোম্পানির দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (নরসিংদী) |
| ২.৭। | মেঘনা ফিল্ড : | | |
| | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত কোম্পানির Right of way-এর মাপ-জোক সরকারী আমীনের মাধ্যমে ফেব্রুয়ারি, ২০২৩ মাসের শেষ সপ্তাহ নাগাদ সম্পাদন করা হবে। | মরিচাকান্দি ঘাট থেকে মেঘনা ফিল্ড পর্যন্ত রাস্তার উভয় পাশের কোম্পানির Right of way-এর মাপ-জোক সরকারী আমীনের মাধ্যমে দ্রুত ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড-ইনচার্জ |
| ২.৮। | মহাব্যবস্থাপক (অপারেশন) সভাকে অবহিত করেন যে, তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেনী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ হালসন পর্যন্ত নবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ-এর মাধ্যমে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেনী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | |
| ৩.১। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম চলমান আছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক(পিডি) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ডের Environmental License টি নবায়ন করা হয়েছে। নরসিংদী ফিল্ডের জন্য Environmental License সংগ্রহের নিমিত্ত অনলাইনে আবেদন করা হয়েছে। অন্যান্য ফিল্ডের Environmental License-সমূহ নবায়নের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>প্রকল্প কার্যক্রমের সাথে সমন্বয় করে অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট ফিল্ডের Environmental License নবায়ন কার্যক্রম সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ কর্তৃক গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে ইএস বিভাগ সার্বিক সহযোগিতা করবে। | মহাব্যবস্থাপক (পিডি)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | |
| | ব্যবস্থাপনা পরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সচেষ্ট হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি APA এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন।<br>বিগত সমন্বয় সভার সিদ্ধান্তানুযায়ী সমন্বয় সভার নোটিশ, জিও, অফিস আদেশ ও অর্গানোগ্রাম-এর হালনাগাদ তথ্য কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হচ্ছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪.০। | কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন : | | |
| ৪.১। | সভা অবহিত হয় যে, ব্যবস্থাপক এবং তদূর্ধ্ব কর্মকর্তাগণ কর্তৃক কোম্পানির আবাসন/ডরমিটরিতে নিজ খরচে এসি স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ-লোড সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপনের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে। | বর্তমান বৈশ্বিক অবস্থার প্রেক্ষিতে আপাতত: বিষয়টি নিয়ে গঠিত কমিটির কার্যক্রম স্থগিত রাখা যেতে পারে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৫.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | |

| | | | |
|---|---|---|---|
| ৫.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে ওয়েব ক্লাউড নেয়া হয়েছে। ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখা কর্তৃক সিডিউল করা হচ্ছে। | কোম্পানির ওয়েব ক্লাউড ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে যথাশীঘ্র সভায় উপস্থাপন করতে হবে।<br>কোম্পানির ওয়েব ক্লাউড ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালার ব্যবস্থা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ ও উপমহাব্যবস্থাপক (হিসাব) |
| ৬.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | |
| ৬.১। | কোম্পানিতে বর্তমান সময় পর্যন্ত বিদ্যমান থাকা যাবতীয় ব্যবহার অযোগ্য মালামালের সারণী নতুনভাবে প্রণয়ন এবং উক্ত মালামালসমূহের আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | কোম্পানির ব্যবহার অযোগ্য মালামালের সারণী নতুনভাবে প্রণয়ন এবং উক্ত মালামালসমূহের আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) |
| ৬.২। | সভাকে অবহিত করা হয় যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক ভূ-সম্পত্তির এসএ রেকর্ড থেকে বিএস রেকর্ড প্রণয়ন/ হালনাগাদকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে কোম্পানির ভূমি-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড যথাযথ আছে কী না, সে বিষয়ে নিশ্চিত হওয়া প্রয়োজন।<br>তাছাড়া, কোম্পানির সকল ভূ-সম্পত্তির সার্বিক তথ্য সম্বলিত হালনাগাদ তালিকা প্রণয়ন করা যেতে পারে। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড যথাযথ আছে কী না, সে বিষয়ে সংশ্লিষ্ট ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>কোম্পানির সকল ভূ-সম্পত্তির সার্বিক তথ্য সম্বলিত হালনাগাদ তালিকা প্রণয়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) |
| ৭.০। | প্রশাসন ডিভিশন: | | |
| ৭.১। | সভাকে অবহিত করা হয় যে, সংগৃহীত সার্ভিস রেকর্ড সফটওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক নিজ নিজ ডাটা অবলোকনের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সফটওয়্যার প্রোভাইডারের সাথে আলোচনা করা হচ্ছে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক নিজ নিজ ডাটা অবলোকনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/সংস্থাপন |
| ৭.২। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/Endorsement করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৭.৩। | সভাকে অবহিত হয় যে, অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যাবে। তবে, বিশ্বের অর্থনৈতিক সংকটের প্রেক্ষাপটে সরকার কর্তৃক ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধনের নির্দেশনার প্রেক্ষিতে বিষয়টি আপাতত: স্থগিত আছে। | ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধনের নিমিত্ত সরকারের নির্দেশনা সাপেক্ষে কম্পিউটার সংগ্রহ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭.৪। | সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান/নির্ভরশীলদের ভাল একাডেমিক ফলাফলের জন্য কোম্পানি প্রদত্ত বৃত্তির অর্থ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | শিক্ষার্থীদের জ্ঞান অর্জনে উৎসাহ প্রদানের লক্ষ্যে কোম্পানির বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭.৫। | নিরাপত্তা বিভাগ : | | |
| | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা কার্যক্রম সন্তোষজনক আছে। তবে, নিরাপত্তা কার্যক্রমে নিয়োজিত অঙ্গীভূত আনসারদের আবাসনে জরুরি কিছু সংস্কার কাজ প্রয়োজন। বর্তমানে আর্থিক খাতে কৃচ্ছতা সাধনের জন্য সরকারের নির্দেশনা রয়েছে, তবে নিরাপত্তার স্বার্থে আনসার আবাসনের জরুরি সংস্কার কার্যক্রম বিবেচনা করা প্রয়োজন মর্মে উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভার দৃষ্টি আকর্ষণ করেন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে অঙ্গীভূত আনসারদের আবাসনের জরুরি সংস্কার কার্যক্রম সম্পাদনের বিষয়টি বিবেচনা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৭.৬। | মেডিক্যাল বিভাগ : | | |
| | সভায় কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৭.৭। | মানবসম্পদ বিভাগ: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, কর্মচারী নিয়োগ কার্যক্রম চলমান আছে। | কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসরণপূর্বক কর্মচারী নিয়োগ কার্যক্রম যথাযথভাবে এবং দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপমহাব্যবস্থাপক (এইচআর) |
| ৮.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | |

| | | | |
|---|---|---|---|
| ৮.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। তাছাড়া, বিশ্বের অর্থনৈতিক সংকটের প্রেক্ষাপটে সরকার কর্তৃক ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধনের নির্দেশনা দেয়া হয়েছে। এক্ষেত্রে উপর্যুক্ত খাতসমূহের ব্যয় বাজেটের ৫০% এর মধ্যে নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকার নির্দেশিত খাতসমূহের ব্যয় বাজেটের ৫০% এর মধ্যে নির্বাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৮.২। | সভাকে অবহিত করা হয় যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথি (ডি-নথি) সহসাই চালু হবে বলে আশা করা যাচ্ছে। | বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক(টিএস)/ (রক্ষণাবেক্ষণ) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল) |
| ৯.০। | কোম্পানি সচিবালয় : | | |
| ৯.১। | বিগত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানি সচিবালয় ডিভিশনের জনসংযোগ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক একটি প্রেজেন্টেশন সভায় উপস্থাপন করা হয়। সভা উপস্থাপিত প্রেজেন্টেশনটি অবলোকন করে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে। কোম্পানির মিড-লেভেল কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে অন্যান্য শাখা প্রধানগণ কর্তৃক এরূপ প্রেজেন্টেশন উপস্থাপন অব্যাহত রাখার নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক সভায় মতামত ব্যক্ত করেন। | কোম্পানির মিড-লেভেল কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন (যদি থাকে) কোম্পানি সচিবালয় ডিভিশনের মাধ্যমে সমন্বয় সভায় উপস্থাপন করবে। | সকল মহাব্যবস্থাপক |
| ৯.২। | মুজিব কর্নার স্থাপন: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতীয় জীবনের স্মৃতিময় অবদানকে চিরন্তন করে রাখার প্রয়াসে প্রধান কার্যালয়ে মুজিব কর্নার স্থাপন করা হয়েছে। | প্রধান কার্যালয়ের প্রবেশ মুখে স্থাপিত মুজিব কর্নার কোম্পানির পরিচালনা পর্ষদ চেয়ারম্যান এবং পেট্রোবাংলার চেয়ারম্যান ও পরিচালক মহোদয়গণ কর্তৃক উদ্বোধনের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানি সচিব |

কোম্পানির কার্যক্রম সংক্রান্ত আলোচনা শেষে কোম্পানির ১জন জেষ্ঠ্যতম কর্মকর্তা উপমহাব্যবস্থাপক (বোর্ড) জনাব মোঃ আব্দুল খালেক অবসর-উত্তর ছুটিতে যাচ্ছেন মর্মে সভা অবহিত হয়। এ পরিপ্রেক্ষিতে, কোম্পানির মহাব্যবস্থাপকগণসহ

উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে কর্মজীবনে তাঁদের একাগ্রতা ও আন্তরিকতার বিষয়টি স্মরণ করেন এবং দীর্ঘদিনের একসাথে পথচলায় সংঘটিত ভুল-ভ্রান্তি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। সভায় জনাব মোঃ আব্দুল খালেক-এর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং সুন্দর অবসরোত্তর জীবন কামনা করা হয়।

পরিশেষে সভাপতি ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৭ ফাল্গুন, ১৪২৯
২০ ফেব্রুয়ারি, ২০২৩

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৩.৩৩

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯
২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
২) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।
৫) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস), জেনারেল সার্ভিসেস শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপক (প্রশিক্ষণ), প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১০) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক